ফেইসবুকে সরকারবিরোধী প্রচারণার প্রতিবাদে বিয়ানীবাজারে মানববন্ধন

বিয়ানীবাজার প্রতিনিধি: ফেইসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রধানমন্ত্রী, সরকারের মন্ত্রী-এমপি সহ উর্ধ্বতন কর্মকর্তা এবং দেশবিরোধী অপপ্রচারের প্রতিবাদে বিয়ানীবাজারে মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। গত সোমবার বিকেলে উপজেলা আওয়ামী লীগ, সেচ্ছাসেবকলীগ ও যুবলীগের উদ্যোগে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিয়ানীবাজার উপজেলা পরিষদের চেয়ারম্যান আবুল কাশেম পল্লব।
বিয়ানীবাজার প্রেসক্লাবের সভাপতি সজীব ভট্টাচার্যের সভাপতিত্বে ও উপজেলা সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রিপন পদ করের পরিচালনায় মানববন্ধনে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাট্রের নিউইর্য়ক সিটি যুবলীগের যুগ্ম আহবায়ক জুনেদ আহমদ।
মানববন্ধনে বক্তারা বলেন, সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড নিয়ে দেশবিরোধী একটি চক্র সুগভীর ষড়যন্ত্র করছে। দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করতে তৎপর দেশি-বিদেশি চক্রের ব্যাপারে সরকারকে সতর্ক থাকতে হবে। যারা বিদেশে বসে সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে বিভিন্ন সময় অপপ্রচার চালায় তাদের ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তার করে দেশে নিয়ে আসতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখা গেছে রাষ্ট্রদ্রোহী অপপ্রচারে লিপ্ত কথিত বিএনপি, জামায়াত শিবিরের মদদপুষ্ট ইলিয়াছ হোসাইন, ডা কনক সরওয়ার, পিনাকি ভট্রাচার্য্য, সামছুল আলম লিটন, মুসলিম খান, মো: আসয়াদুল হক, আলী হোসেন, মোর্শেদ আহমদ খান, মো: আবু তাহের, সৈয়দ মোজাক্কির আহমদ, শাহীন আহমদ ও ফজল আহমদসহ কিছু দেশবিরোধী চক্র সরকারের বিরুদ্ধে নানা কুৎসাহ রটনা করছে। তারা প্রধানমন্ত্রী সহ সরকারের মন্ত্রী এমপি, প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বাজে মন্তব্য করছে। তাদের বিরুদ্ধে আইনিব্যবস্থা নিতে সভায় বক্তারা পরররাষ্ট্রমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।
মানববন্ধনে মধ্যে বক্তব্য রাখেন, বিয়ানীবাজার পৌর স্বেচ্ছাসেবকলীগের সভাপতি আব্দুর রউফ সুমন, সাধারন সম্পাদক নাসির উদ্দীন, উপজেলা যুবলীগ নেতা এপলু আহমদ, সাজু আহমদ, আবু বক্কর,

সাব্বির আহমদ, উপজেলা ছাত্রলীগ নেতা শাকরান হোসেন, জাহিদুল হক তাহমিদ ও স্বেচ্ছাসেবক লীগ নেতা সাইদুর রহমান প্রমুখ।